বিনোদন ডেস্ক: ইজিবাইকের চার্জ শেষে সংযোগ বিচ্ছিন্ন করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেছেন আমির হোসেন (৩২) নামে এক চালক। গতকাল বুধবার সকাল ৮টার দিকে বরগুনার পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নের ছহরোবাদ গ্রামে এ ঘটনা ঘটে। নিহতের বাবার নাম আবদুল মন্নান গাজী। জানা যায়, সারাদিন গাড়ি চালানোর পরে গত মঙ্গলবার রাতে নিজ ঘরে নির্ধারিত জায়গায় ইজিবাইক চার্জের জন্য বিদ্যুৎ সংযোগ দেন আমির হোসেন। সকালে ওই সংযোগ বিচ্ছিন্ন করতে গেলে বিদ্যুতায়িত হন তিনি। চিৎকার শুনে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। পাথরঘাটা থানা ওসি শাহ আলম হাওলাদার বলেন, কোনো অভিযোগ না থাকায় লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।